

### দরপত্র আহ্বান

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা কর্তৃক দাপ্তরিক প্রয়োজনে পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবা (লট ভিত্তিক) ক্রয়ের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান/ঠিকাদার/ব্যবসায়ীর নিকট হতে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি বিধান মোতাবেক সীলমোহরকৃত লেটারহেড প্যাডে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী উন্মুক্ত দরপত্র আহ্বান করা হচ্ছে।

ক্রম	মন্ত্রণালয়/বিভাগ	:	অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা
১	সংস্থা	:	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এস ইসলাম পার্ক ভিউ, ১৫২/১ পার্ক রোড, ছোটরা, কুমিল্লা-৩৫০০
২	দরপত্র আহ্বানকারীর নাম	:	কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
৩	বাজেটের উৎস	:	রাজস্ব খাত
৪	সংগ্রহ পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
৫	দরপত্র দলিল বিক্রয়ের স্থান	:	সাধারণ শাখা [৬ষ্ঠ তলা, কক্ষ নং-5A-4], কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
৬	দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	১৩/১১/২০২৩ দুপুর, ১২.০০ ঘটিকা
৭	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	:	১৩/১১/২০২৩ দুপুর, ৩.০০ ঘটিকা পর্যন্ত
৮	দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	:	১৩/১১/২০২৩ দুপুর, ৩.১৫ ঘটিকা
৯	দরপত্র দলিল গ্রহণকারী দপ্তরের নাম	:	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
১০	প্যাকেজ নং	:	প্যাকেজ নং-০১ হতে ০৯ পর্যন্ত
১১	দরপত্রের মাধ্যমে ক্রয়যোগ্য পণ্য ও সেবার বিবরণ	:	প্যাকেজ-১; লট-ক; পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী
		:	প্যাকেজ-২; লট-ক; ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স
		:	প্যাকেজ-২; লট-খ; ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স
		:	প্যাকেজ-৩; লট-ক; প্রচার ও বিজ্ঞাপন
		:	প্যাকেজ-৪; লট-ক; প্রশিক্ষণ
		:	প্যাকেজ-৪; লট-খ; প্রশিক্ষণ (প্রশিক্ষণ পুস্তিকা প্রকাশনা)
১২	কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	বিস্তারিত “দরপত্র দলিলে” বর্ণিত
১৩	দরপত্র দলিলের মূল্য এবং নিয়মাবলী	:	ট্রেজারী চালান (কোড নং-১-১১৩৩-০০৪০-২৬৮১) এর মাধ্যমে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা-এর অনুকূলে প্রতিটি লটের বিপরীতে ১০০/- টাকা (একশত টাকা) মাত্র (অফেরৎযোগ্য) জমা দিয়ে উক্ত চালানের ০১ প্রস্থ (ফটোকপি গ্রহণযোগ্য নয়) সাধারণ শাখা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লায় [৬ষ্ঠ তলা, কক্ষ নং-5A-4] জমা প্রদানপূর্বক অফিস চলাকালীন দরপত্র দলিল সংগ্রহ করা যাবে।
১৪	বিশেষ শর্তাবলী	:	(ক) দরপত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে। (১) হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি; (২) করদাতা সনাক্তকরণ সংখ্যাসহ (TIN) হালনাগাদ আয়কর পরিশোধ সনদপত্রের ফটোকপি; (৩) ব্যবসায় সনাক্তকরণ সংখ্যার (BIN) (১৩ সংখ্যার) ফটোকপি; (৪) যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার হালনাগাদ সনদ/ব্যাংক স্টেটমেন্ট; (খ) দরপত্রদাতা ব্যাংক ড্রাফট বা পে অর্ডার অথবা দরপত্র দলিলের অধ্যায় ৫: দরপত্র ও চুক্তির ফরমে প্রদত্ত ছকে (ফরম পিজি ২-৪) বাংলাদেশের যেকোনো তফসিলি ব্যাংক হইতে ইস্যুকৃত অপ্রত্যাহারযোগ্য ব্যাংক গ্যারান্টির মাধ্যমে দরপত্র জামানত প্রদান করতে পারবে; (গ) আগ্রহী দরদাতাগণকে অবশ্যই “দরপত্র দলিলের” প্রযোজ্য সকল তথ্য/ফরম যথাযথ পূরণপূর্বক দাখিল করতে হবে; (ঘ) দরপত্র দলিলে উল্লেখিত সকল শর্ত অবশ্যই পরিপালন করতে হবে; এবং (ঙ) দরপত্রের সকল পর্যায়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করা হবে।
১৫	কাজ সম্পাদনের সময়সীমা	:	“দরপত্র দলিলে” বর্ণিত।
১৬	ক্রয়কারী সকল দরপত্র বা দরপত্র প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করে।	:	

নাহিদ নওশাদ মুকুল  
যুগ্ম কমিশনার  
কমিশনারের পক্ষে  
ফোন: ০২-৩৩৪৪৮১০১  
e-mail: cevccomilla@gmail.com